রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ১২, ১৯৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২৮শে বৈশাখ, ১৩৯৫/১১ই মে, ১৯৮৮**

**নং এস, আর, ও ১০১-আইন/৮৮**—Bangladesh Rifles Order, 1972 (P.O. No. 148 of 1972) এর Article 19 এ প্রদত্ত ক্ষমতাবলে এবং এতদবিষয়ে পূর্বে জারীকৃত সকল আদেশ ও নির্দেশ বাতিলক্রমে সরকার নিম্নবর্ণিত বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা**—এই বিধিমালা বাংলাদেশ রাইফেলস (উড়োজাহাজ) বিধিমালা, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "উড়োজাহাজ" অর্থ বাংলাদেশ রাইফেলস এর এয়ারক্রাফট বা হেলিকপ্টার ;

(খ) "ফ্লাইট" অর্থ উড়োজাহাজের ফ্লাইট;

(গ) "বাংলাদেশ রাইফেলস" অর্থ Bangladesh Rifles Order, 1972 (P.O. No. 148 of 1972)-এর অধীন গঠিত বাংলাদেশ রাইফেলস:

(ঘ) "মন্ত্রী" বলিতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের দায়িত্বে নিয়োজিত উপ-মন্ত্রী ও প্রতিমন্ত্রীকেও বুঝাইবে:

৩। **উড়োজাহাজের ব্যবহার**—নিম্নবর্ণিত উদ্দেশ্যে উড়োজাহাজ ব্যবহার করা যাইতে পারে, যথাঃ—

(ক) বাংলাদেশ রাইফেলস এর দুর্গম অঞ্চলে অবস্থিত বিভিন্ন ইউনিট পরিদর্শন এবং জরুরী অপারেশন:



মূল্যঃ ৩০ পয়সা

(খ) বাংলাদেশ রাইফেলস এর গুরুতর অসুস্থ ও আহত সদস্যদের স্থানান্তর;

(গ) রাষ্ট্রপতি, উপ-রাষ্ট্রপতি, মন্ত্রী এবং বাংলাদেশে সফররত বিদেশী রাষ্ট্রপ্রধান ও সরকার প্রধানের সরকারী সফরের প্রয়োজনে;

(ঘ) প্রতিরক্ষা বাহিনীর প্রধানদের দায়িত্ব পালনের প্রয়োজনে;

(ঙ) সামরিক প্রয়োজনে;

৪। **উড়োজাহাজের ফ্লাইট**—(১) বিধি (২) এর শর্ত সাপেক্ষে, স্বরাষ্ট্র মন্ত্রীর পূর্বানুমোদন ব্যতিরেকে উড়োজাহাজের কোন ফ্লাইট পরিচালিত হইবে না;

তবে শর্ত থাকে যে, সংশ্লিষ্ট ফ্লাইটের পর আনুষ্ঠানিকভাবে স্বরাষ্ট্র মন্ত্রীর অনুমোদন গ্রহণ করা হইলে এই বিধির প্রয়োজনীয়তা পূরণ হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(২) বাংলাদেশ রাইফেলস এর গুরুতর অসুস্থ ও আহত সদস্যদের স্থানান্তরের প্রয়োজনে বাংলাদেশ রাইফেলস এর মহা-পরিচালক, স্বরাষ্ট্র মন্ত্রীকে অবহিত করা সাপেক্ষে, উড়োজাহাজের ফ্লাইট পরিচালনার ব্যবস্থা করিতে পারিবেন;

(৩) উপ-বিধি (২) এ উল্লিখিত প্রয়োজন ব্যতিরেকে অন্য কোন উদ্দেশ্যে উড়োজাহাজ ব্যবহারের প্রয়োজন হইলে, সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগ স্বরাষ্ট্র মন্ত্রীর নিকট একটি ফরমাশপত্র প্রেরণ করিবে এবং স্বরাষ্ট্র মন্ত্রীর অনুমোদনের বিষয়টি রাষ্ট্রপতির সচিবালয়কে অবহিত করিতে হইবে;

৫। **আর্থিক সমন্বয়**—(১) যে মন্ত্রণালয় বা বিভাগের প্রয়োজনে উড়োজাহাজ ব্যবহার করা হইবে সেই মন্ত্রণালয় বা বিভাগ সংশ্লিষ্ট ফ্লাইটের যাবতীয় খরচ বহন করিবে;

(২) উড়োজাহাজের উপযুক্ততা পরীক্ষা, পরীক্ষামূলক ফ্লাইট এবং রক্ষণাবেক্ষণের যাবতীয় খরচ বাংলাদেশ রাইফেলস্ এর জন্য বরাদ্দকৃত বাজেট হইতে ব্যয় করা হইবে;

৬। **ফ্লাইট পরিচালনা, ইত্যাদির দায়িত্ব**—বাংলাদেশ বিমান বাহিনী উড়োজাহাজের ফ্লাইট পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, কে, এম, কামালউদ্দীন চৌধুরী
সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্ফুজাল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।